**AKASHVANI (Kolkata)**

**Regional News Unit**

**Date : 18-06-2025** **Desk in Charge : SDG**

**Time : 7-35 AM** **Compiling : NBR**

**DEO : KB** **NR : NBR**

Announcement :- আকাশবাণী, খবর পড়ছিঃ –

বিশেষ বিশেষ খবরঃ-

১/ রাজ্যের জারি করা নতুন OBC বিজ্ঞপ্তির ওপর আগামী ৩১শে জুলাই পর্যন্ত অন্তর্বর্তী স্থগিতাদেশ দিয়েছে কলকাতা হাইকোর্ট।

# বিজেপি সহ অন্যান্য বিরোধী দল, এই সিদ্ধান্তকে স্বাগত জানিয়েছে।

২/ 'সেন্ট্রালাইজ্‌ড অ্যাডমিশন পোর্টাল'-এর মাধ্যমে আজ থেকে শুরু হচ্ছে কলেজ ও বিশ্ববিদ্যালয়ে স্নাতক স্তরে ভর্তির প্রক্রিয়া।

৩/ নদীয়ার কালীগঞ্জ বিধানসভার উপ নির্বাচনের আগামীকাল ভোট গ্রহণ। এই জন্য প্রস্তুতি তুঙ্গে।

৪/ সংশোধিত ওয়াকফ আইনের বিরোধিতায় অশান্ত মুর্শিদাবাদে পিতাপুত্র খুনের ঘটনায় সামশেরগঞ্জের একটি স্বেচ্ছাসেবী সংস্থার সভাপতি ও সেক্রেটারিকে গ্রেপ্তার করা হয়েছে।

৫/ নিম্নচাপের প্রভাবে আজ রাজ্যের বিভিন্ন জায়গায় ভারী বৃষ্টির পূর্বাভাস।

*****************************************************************************

রাজ্যের জারি করা নতুন OBC বিজ্ঞপ্তির ওপর অন্তর্বর্তী স্থগিতাদেশ দিয়েছে কলকাতা হাইকোর্ট। আগামী ৩১শে জুলাই পর্যন্ত এই অন্তর্বর্তী স্থগিতাদেশ বহাল থাকবে বলে, দুই বিচারপতি তপোব্রত চক্রবর্তী ও রাজাশেখর মান্থার ডিভিশন বেঞ্চ নির্দেশ দিয়েছেন। গতকাল আদালতে রাজ্যের তরফে অ্যাডভোকেট জেনারেল কিশোর দত্ত এবং কেন্দ্রের আইনজীবি হিসেবে অতিরিক্ত সলিসিটার জেনারেল অশোক কুমার চক্রবর্তী শুনানিতে অংশ নেন। কেন্দ্রের বক্তব্য, অন্যান্য অনগ্রসর শ্রেণীর দুটি সম্প্রদায়ের মধ্যে যে পরিবর্তন করা হয়েছে, তার ফলে জনবিন্যাস বদলে যাচ্ছে। পাল্টা সওয়ালে রাজ্য জানায়, OBC সংক্রান্ত মূল মামলাটি সুপ্রিম কোর্টে বিচারাধীন। সেখানে সমীক্ষার কথা জানানো হয়েছে। কিন্তু, ১০ বছর অন্তর সমীক্ষার কথা থাকলেও, তা' না হওয়ায় রাজ্যকে ভর্ৎসনার মুখে পড়তে হয়। এরপরই ১৪০ টি জনজাতিকে নিয়ে গঠিত নতুন বিজ্ঞপ্তির ওপর অন্তর্বর্তী স্থগিতাদেশ দেয় আদালত। এর ফলে গত ৮'ই মে থেকে এখনো পর্যন্ত যতগুলি বিজ্ঞপ্তি রাজ্য সরকার জারি করেছে, তার সবগুলোর ওপর আগামী ৩১শে জুলাই পর্যন্ত স্থগিতাদেশ থাকছে। আগামী ২৪ তারিখ মামলার পরবর্তী শুনানি।

উল্লেখ্য, ২০১০ সালের পর তৈরী রাজ্যের সব OBC শংসাপত্র, কলকাতা হাইকোর্ট বাতিল করে দেয়। গত বছর ২২শে মে ওই নির্দেশ বহাল রাখে আদালত। এই রায়কে চ্যালেঞ্জ জানিয়ে সুপ্রিম কোর্টে যায় রাজ্য।

********************

বিজেপি, আদালতের এই সিদ্ধান্তকে স্বাগত জানিয়েছে। দলের রাজ্য সভাপতি সুকান্ত মজুমদার গতকাল এক্স হ্যান্ডেলে বলেন, রাজ্য সরকার সংখ্যালঘু তোষণের জন্য যেভাবে সংবিধানের অবমাননা করেছে, তা' অত্যন্ত নিন্দনীয়। এই রায়ে প্রমাণিত হয়েছে যে সরকার ভোট ব্যাঙ্কের রাজনীতি করছে। দলের রাজ্যসভার সাংসদ শমীক ভট্টাচার্য জানান, তৃণমূল কংগ্রেস জানতো, আদালত রাজ্যের এই সিদ্ধান্ত স্থগিতাদেশ দেবে।

( বাইট- শমীক OBC )

CPIM কেন্দ্রীয় কমিটির সদস্য সুজন চক্রবর্তীর অভিযোগ, এবিষয়ে রাজ্য সরকার স্বেচ্ছাচারিতা করছে।

( বাইট- সুজন OBC )

********************

উচ্চ মাধ্যমিকের ফল প্রকাশের এক মাস ১০ দিন পর আজ থেকে 'সেন্ট্রালাইজ্ড অ্যাডমিশন পোর্টাল'-এর মাধ্যমে শুরু হচ্ছে কলেজ ও বিশ্ববিদ্যালয়ে ভর্তির প্রক্রিয়া। গতকাল বিকাশ ভবনে আনুষ্ঠানিকভাবে এই পোর্টালের সূচনা করেন শিক্ষামন্ত্রী ব্রাত্য বসু। সাংবাদিক বৈঠকে তিনি বলেন, আজ সকাল ১০টা থেকে সংশ্লিষ্ট পোর্টালে ছাত্রছাত্রীরা ভর্তির জন্য আবেদন করতে পারবেন। পয়লা জুলাই পর্যন্ত প্রথম দফায় নাম নথিভুক্তিকরণ ও আবেদন জানানো যাবে। ৬ জুলাই তালিকা প্রকাশ করা হবে।

( বাইট- ব্রাত্য )

এবার পোর্টালে কৃত্রিম বুদ্ধিমত্তা ভিত্তিক নতুন ব্যবস্থা থাকছে। শিক্ষামন্ত্রী জানান, এর নাম দেওয়া হয়েছে- বীণা। শিক্ষার্থীদের যে কোনও প্রশ্নের উত্তর দেবে এই এআই চ্যাটবট। এই পোর্টালের মাধ্যমে রাজ্যের ১৭ টি সরকার পোষিত বিশ্ববিদ্যালয়ের অধীনে ৪৬০ টি কলেজে ভর্তি হতে পারবেন ছাত্রছাত্রীরা। একাধিক কলেজে একাধিক কোর্সে ভর্তির আবেদন করা যাবে এই পোর্টালে। চ্যাটবট ছাড়াও একটি হেল্প লাইন নম্বর চালু করা হয়েছে। এটি হল - ১৮০০ ১০২ ৮০14।

উল্লেখ্য, গত ৭ই মে প্রকাশিত হয়েছিল এ বছরের উচ্চ মাধ্যমিকের ফলাফল। যাদবপুর বিশ্ববিদ্যালয় ও স্বশাসিত কলেজগুলিকে এই ভর্তি প্রক্রিয়া থেকে বাদ রাখা হয়েছে।

********************

সিলিকোসিসে আক্রান্ত শ্রমিকদের পুনর্বাসন, চিকিৎসা ও আর্থিক সহায়তা প্রক্রিয়া আরও সহজ ও স্বচ্ছ করতে রাজ্য সরকার, একটি কেন্দ্রীয় ডিজিটাল পোর্টাল তৈরির উদ্যোগ নিয়েছে। রাষ্ট্রায়ত্ব ওয়েবেল টেকনোলজি লিমিটেড এই পোর্টাল তৈরির জন্য ইতিমধ্যেই অনলাইন দরপত্র ডেকেছে। পোর্টালটির মাধ্যমে অনলাইনে আবেদনপত্র জমা, নথি আপলোড, পরিচয় যাচাই ও আবেদনপত্রের অগ্রগতির ওপর নজরদারী করার সুবিধা মিলবে। রাজ্য কোষাগার ব্যবস্থার সঙ্গে এটি সংযুক্ত থাকবে, যাতে দ্রুত আর্থিক সাহায্য প্রদান নিশ্চিত করা যায়। শ্রম দফতর সূত্রে জানা গেছে, এই পোর্টালের মাধ্যমে

সিলিকোসিসে আক্রান্ত শ্রমিক বা তাঁদের মনোনীত উত্তরাধিকারীরা পুনর্বাসন সহায়তা, পেনশন, দাহক্রিয়া সহায়তা, সন্তানদের শিক্ষার জন্য অনুদান ও কন্যার বিবাহ সহায়তার মতো বিভিন্ন সুবিধার জন্য আবেদন করতে পারবেন।

ডিজিটাল যাচাইয়ের মাধ্যমে আধার কার্ড, রোগ নির্ণয় সংক্রান্ত শংসাপত্র ও ব্যাঙ্কের তথ্য যাচাই করে নেওয়া হবে। যাচাই প্রক্রিয়ার পর আবেদনগুলি সংশ্লিষ্ট স্তরে পাঠানো হবে এবং তারপর রাজ্যের আর্থিক ব্যবস্থার মাধ্যমে অর্থ ছাড়া হবে।

*******************

বেসরকারি হাসপাতালের একাংশের নীতি বহির্ভূত বিল করার প্রবণতায় রাশ টানতে ২০১৭ সালের ‘পশ্চিমবঙ্গ ক্লিনিকাল এস্টাবলিশমেন্ট আইন’-এর সংশোধনী, রাজ্য বিধানসভায় গৃহীত হয়েছে।

বিলের উপর আলোচনা শেষে জবাবি ভাষণে স্বাস্থ্য প্রতিমন্ত্রী চন্দ্রিমা ভট্টাচার্য জানান, রাজ্য সরকার চায় সরকারি ও বেসরকারি চিকিৎসা ক্ষেত্র কাঁধে কাঁধ মিলিয়ে মানুষকে পরিষেবা দিক। কিন্তু বেসরকারি হাসপাতালের একাংশের যথেচ্ছ বিল করার প্রবণতা মানুষকে সমস্যায় ফেলছে।

এর আগে বিলের ওপর আলোচনায় অংশ নিয়ে রাজ্যের বিরোধী দলনেতা **শুভেন্দু** অধিকারী অভিযোগ করেন, এই ধরনের গুরুত্বপূর্ণ বিল বিধানসভার স্থায়ী কমিটিতে আলোচনা করে পেশ করা উচিত ছিল।

শেষে বিলটি বিধানসভায় ধ্বনী ভোটে পাশ হয়।

*******************

কেন্দ্রীয় সরকারের **১১ বছর** পূর্তি উপলক্ষ্যে আকাশবাণী কলকাতার গীতাঞ্জলী এবং DTH পরিষেবায় আজ রাত সাড়ে ন’টায় শুনবেন বিশেষ আলোচনা। অংশ নিয়েছেন বিশিষ্ট ক্রীড়া সাংবাদিক রূপক সাহা এবং বিশিষ্ট আইনজীবি দেবজিৎ সরকার। সঞ্চালনায় সন্দীপন দাশগুপ্ত।

*******************

আন্তর্জাতিক যোগ দিবস নিয়ে বিশেষ আলোচনা শুনবেন আগামীকাল, রাত ৮টায়, গীতাঞ্জলি প্রচারতরঙ্গ ও DTH পরিষেবায়।

স্বামী বিবেকানন্দ যোগ অনুসন্ধান সংস্থানের অধিকর্তা ডক্টর অভিজিৎ ঘোষের সঙ্গে কথা বলেছেন সুস্মিতা মন্ডল। যোগাভ্যাসে পদকজয়ী কয়েকজনের কথাও শোনা যাবে। সংবাদ বিভাগ প্রযোজিত অনুষ্ঠানটি আকাশবাণী সংবাদ কলকাতার সোশ্যাল মিডিয়া প্লাটফর্মেও পাওয়া যাবে।

********************

নদীয়ার কালীগঞ্জ বিধানসভার উপ নির্বাচনের প্রচারাভিযান আজ সন্ধ্যা ছটায় শেষ হয়েছে। এর সঙ্গেই শুরু হয়েছে সাইলেন্স পিরিয়ড। আগামী ১৯শে জুন বৃহস্পতিবার সকাল ৭ টা থেকে সন্ধ্যা ৬’ টা পর্যন্ত ভোট গ্রহণ করা হবে। নির্বাচন কমিশনের নির্দেশ মেনে এবার প্রতিটি বুথে ভোটার সংখ্যা বারোশোয় বেঁধে দেওয়া হয়েছে। ফলে মোট বুথের সংখ্যা বেড়ে হয়েছে ৩০৯ । তবে বড় চাঁদ ঘর প্রাথমিক বিদ্যালয়ের বুথে অতিরিক্ত ঘর না থাকায় সেখানে ভোটারের সংখ্যা ১২শো ছাড়িয়েছে।

এদিকে, ওই বিধানসভার দূরবর্তী বুথ নয়াচড়ে যেতে ভোট কর্মীদের গঙ্গা পার হতে হবে। সেজন্য বিশেষ বন্দোবস্ত করা হচ্ছে।

অন্যদিকে, এবারই প্রথম মোবাইল বুথের বাইরে জমা রেখে ভোটারদের ভোটকেন্দ্রে প্রবেশ করতে হবে। ভোটকে কেন্দ্র করে কালীগঞ্জ বিধানসভা এলাকায় আটোসাটো নিরাপত্তা জারি রয়েছে। রাজনৈতিক দলগুলি বুথ থেকে একশো মিটার দূরে তাদের ক্যাম্প খুলতে পারবে। প্রত্যেক বুথে কেন্দ্রীয় বাহিনীর জওয়ান মোতায়েন থাকবেন। তিনটি করে ওয়েব ক্যামেরার মাধ্যমে সব বুথে নজরদারি চালানো হবে বলে কালিগঞ্জ বিধানসভার রিটার্নিং অফিসার ফইয়াজ আহমেদ আকাশবাণীকে জানিয়েছেন।

********************

সংশোধিত ওয়াকফ আইন বিরোধী আন্দোলনে অশান্ত মুর্শিদাবাদের ধুলিয়ানে পিতাপুত্র হরগোবিন্দ দাস ও চন্দন দাস খুনের ঘটনায় সামশেরগঞ্জের একটি স্বেচ্ছাসেবী সংস্থার

সভাপতি ও সেক্রেটারিকে গ্রেপ্তার করা হয়েছে। ধৃত মোস্তাকিম শেখ ও কাউসার আলিকে গতকাল জঙ্গিপুর আদালতে তুলে পুলিশ নিজেদের হেফাজতে নেয়।

উল্লেখ্য, গত ১১ এবং ১২ এপ্রিল 'ওয়াকফ সংশোধনী আইন' ইস্যুতে উত্তপ্ত হয়ে ওঠে মুর্শিদাবাদের বিভিন্ন এলাকা। জাফরাবাদে হরগোবিন্দ দাস ও তাঁর ছেলে চন্দন দাসকে বাড়িতে ঢুকে কুপিয়ে খুন করে দুষ্কৃতীরা। ইতিমধ্যেই ১৩ জনের নামে চার্জশিট পেশ করা হয়েছে। CCTV ফুটেজ দেখে ধুলিয়ানের অশান্তিতে উস্কানি দেওয়ার অভিযোগে গ্রেফতার করা হল মোস্তাকিম শেখ ও কাউসার আলি।

*********************

খিদিরপুর বাজারে আগুন লাগার দুদিন পর আজ'ও ডাম্পিং ডাউনের কাজ চলেছে। এখন'ও সেখানে দমকলের দুটি গাড়ি রয়েছে। আগুন নিভে গেলেও, বাজারের কোথাও কোথাও ছোট জায়গায় আগুন দেখা যাচ্ছে। গতকাল ফরেন্সিক টিম গিয়ে এলাকা থেকে নমুনা সংগ্রহ করে।

*********************

দক্ষিণ পশ্চিম বংলাদেশ এবং সংলগ্ন গাঙ্গেয় বঙ্গে তৈরি নিম্নচাপ এলাকাটি ধীরে ধীরে পশ্চিম, উত্তর -পশ্চিম দিকে অগ্রসর হচ্ছে । এরফলে রাজ্যের প্রায় সব জেলায় আজ ও আগামীকাল বিক্ষিপ্ত ভাবে ভারী থেকে অতি ভারী বৃষ্টির সম্ভাবনা রয়েছে। আজ পুরুলিয়া, বাঁকুড়া, পশ্চিম মেদিনীপুর এবং পশ্চিম বর্ধমান জেলায় আজ লাল সতর্কতা জারি করা হয়েছে বলে জানিয়েছেন আবহাওয়া দপ্তরের পূর্বাঞ্চলীয় প্রধান ডঃ সোমনাথ দত্ত।

(বাইট- সোমনাথ)

কলকাতা ও তার আশপাশের এলাকায় গতকাল থেকে দফায় দফায় বৃষ্টি হওয়ার ফলে কমেছে তাপমাত্রার পারদ। আলিপুরে আজ সর্বনিম্ন তাপমাত্রা রেকর্ড করা হয় ২৫ দশমিক ৭ ডিগ্রী সেলসিয়াস স্বাভাবিকের চেয়ে যা ১ দশমিক তিন ডিগ্রী কম। উত্তরবঙ্গের সব জেলাতেই বিক্ষিপ্ত ভাবে মাঝারি থেকে ভারী বৃষ্টির সম্ভাবনা রয়েছে ।

*********************

বর্ষায় পাহাড়ে পর্যটকদের নিরাপত্তা ও সুরক্ষার কথা মাথায় রেখে গোর্খাল্যান্ড টেরিটোরিয়াল অ্যাডমিনিস্ট্রেশন- GTA, দার্জিলিং ও কালিম্পং এর পার্বত্য এলাকায় চলতি মরসুমে 'অ্যাডভেঞ্চার ট্যুরিজম' বন্ধ রাখার সিদ্ধান্ত নিয়েছে।

GTA-এর তরফে জারি করা এক বিজ্ঞপ্তিতে জানানো হয়েছে, নতুন করে নির্দেশিকা জারি না হওয়া পর্যন্ত র‍্যাফটিং, প্যারাগ্লাইডিং, ট্রেকিং সহ সব ধরনের অ্যাডভেঞ্চার ট্যুরিজম বন্ধ থাকবে।

*********************************************************************